সান্ধ্য জাগোবাংলা

মা মাটি মানুষের পক্ষে সওয়াল

e-paper : www.epaper.jagobangla.in /DigitalJagoBangla /jagobangladigital /jago_bangla www.jagobangla.in


## দেহ উদ্ধার

মডেল হত্যাকাণ্ডে নয়া মোড়। মৃত্যুর ১১ দিন পর খোঁজ মিলল মডেল দিব্যা পাহুজার দেহের। হরিয়ানার তোহনা ফতেহাবাদে একটি খাল থেকে উদ্ধার দেহ




## আচার্যের কোনও ক্ষমতা নেই স্ট্যাটুট গঠনের: শিক্ষা দফতর





## রাস্তার গর্তে ধাক্কা খেতেই প্রাণের সঞ্চার মৃতদেহে




বর্ষ - ১, সংখ্যা ২৩২ ● ১৩ জানুয়ারি, ২০২৪ ● ২৭ পৌষ ১৪৩০ ● শনিবার ● ২ পাতা ● Vol. 1, Issue - 232 ● JAGO BANGLA ● SATURDAY ● 13 JANUARY, 2024 ● 2 Pages


## নাড্ডা-সহ বিজেপি নেতাদের মিথ্যাচার

# পুরুলিয়ায় সাধু বললেন, ঘটনায় রাজনীতি নেই, পুলিশ সাহায্যই করেছে



■ জেলা প্রশাসনের তরফে সবরকম সাহায্যের পর সংবাদমাধ্যমের মুখোমুখি মধুর সাধু-সহ সঙ্গীরা। শনিবার।

**প্রতিবেদন :** পুরুলিয়ায় গঙ্গাসাগরগামী সাধুসন্তদের উপর হামলার ঘটনায় কড়া পদক্ষেপ নিল পুলিশ প্রশাসন। ইতিমধ্যেই ১২ জন অভিযুক্তকে গ্রেফতার করেছে কাশীপুর থানার পুলিশ। ধৃতদের শনিবার রঘুনাথপুর মহকুমা আদালতে পেশ করা হয়েছে। পুরুলিয়ার পুলিশ সুপার অভিজিৎ বন্দ্যোপাধ্যায় বলেন, কেউ কারও ভাষা বুঝতে পারেননি। ফলে ভুল বোঝাবুঝি হয়েছে। তার থেকেই এমন ঘটনা বলে আমাদের অনুমান। সাধুদের মারধরের অভিযোগে ১২ জনকে গ্রেফতার করা হয়েছে। ধৃতদের আদালতে তুলে হেফাজতে চাওয়া হবে। তাদের জিজ্ঞাসাবাদ করা গেলেই বিষয়টি স্পষ্ট হবে। এই ঘটনা নিয়ে বিজেপি নোংরা রাজনীতি করতে মাঠে নেমেছে। যার পাল্টা প্রতিবাদ জানিয়েছে তৃণমূল কংগ্রেস। দলের রাজ্য সাধারণ সম্পাদক ও মুখপাত্র কুণাল ঘোষ বলেন, সাধুদের নিয়ে যে অপ্রীতিকর ঘটনা ঘটেছে তার অপব্যাখ্যা চলছে। তৃণমূল সরকার সব ধর্মকে সম্মান দেয়, সাধুদের অসম্মান করার কোনও প্রশ্নই নেই। সাধুর ব্যাপারে পুলিশ যা যা ব্যবস্থা নেওয়ার নিয়েছে। পুলিশ সুপার জানিয়েছেন ভাষাগত বোঝাবুঝির অভাবে এই সমস্যা হলেও হতে পারে। বিজেপি ও জে পি নাড্ডারা মিথ্যাচার করছে। তাঁর সংযোজন, এটা ভুল বোঝাবুঝির একটা বিচ্ছিন্ন ঘটনা। বাম জমানায় ছেলেধরা রব তুলে সন্ন্যাসিনীদের পিটিয়ে মারা হত। কিন্তু এখন ভুল বোঝাবুঝির জন্য ছেলেধরা রব উঠলে পুলিশ গিয়ে পরিস্থিতির সামাল দেয়। যেমন স্থানীয় বাসিন্দাদের অভিযোগের ভিত্তিতে কেস হয়েছে তেমন সন্ন্যাসিনীদের কথাতেও কেস হয়েছে। পুলিশ নিরপেক্ষ। আপনাদের কাছে আশারামবাপু রাম রহিমের মতো গেরুয়াধারীরাও রয়েছেন। বাংলা সাধু-সন্ন্যাসীদের সম্মান করে। কোথাও গন্ডগোল হলে পুলিশকে উদ্ধার করে। এখানে সব ধর্ম সম্মানের সঙ্গে থাকে। গঙ্গাসাগরে উত্তরপ্রদেশ থেকে লোক আসতে পারে কিন্তু এখনও এই মেলাকে জাতীয় মেলা হিসেবে ঘোষণা করতে পারলেন না বাংলাকে বঞ্চনা করতে গিয়ে। এই ধরনের ভিত্তিহীন কুৎসা জে পি নাড্ডা বন্ধ করুন।



আক্রান্ত সাধু মিহির গোস্বামী বলছেন, তরুণীরা তাঁদের কাছে ক্ষমা চেয়েছেন। কোনও মামলা রুজু করেননি আক্রান্তরা। অভিযুক্তদের শাস্তিও চান না। আক্রান্ত মধুর সাধুও পুলিশের সহায়তার কথা অকপটে স্বীকার করে নিয়েছেন। (এরপর ২ পাতায়)



■ মকরসংক্রান্তি স্নানের আগে জমজমাট গঙ্গাসাগর। কপিলমুনির মন্দিরে পুজো দিতে ভিড় পুণ্যার্থীদের। সজাগ প্রশাসন।

## সুপারিশ ছিল নেত্রীর, খাড়্গেই চেয়ারম্যান

### ইন্ডিয়া জোট

**প্রতিবেদন :** তৃণমূল নেত্রী তথা বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রস্তাব ছিল আগেই। সেই অনুযায়ী শনিবার ইন্ডিয়া জোটের ভার্চুয়াল বৈঠকে মল্লিকার্জুন খাড়্গেকে বিরোধী জোটের চেয়ারপার্সন হিসাবে মেনে নিয়ে মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রস্তাবেই সিলমোহর দেওয়া হল।

বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমারের নাম এই পদের জন্য উঠে এলেও শেষপর্যন্ত শনিবার জোটের বৈঠকে সর্বসম্মতিক্রমে কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়্গেকেই চেয়ারম্যান পদে নির্বাচিত করা হয়।

# ধর্ষক ভাড়া করে আইটি সেল চালাচ্ছে বিজেপি



■ সাংবাদিক বৈঠকে চন্দ্রিমা ভট্টাচার্য।

### বাড়ি বাড়ি প্রচারে মহিলা তৃণমূল

**প্রতিবেদন :** বিজেপির আইটি সেলের প্রধান অমিত মালব্যর মুখোশ খুলে দিতে লোকসভা ভোটের আগেই কোমর বেঁধে মাঠে নামছে তৃণমূল। বাংলার প্রতিটি বাড়িতে গিয়ে বিজেপির মুখ আর মুখোশের পার্থক্য বোঝাবে মহিলা তৃণমূল কংগ্রেস। মন্ত্রী তথা মহিলা তৃণমূলের সভানেত্রী চন্দ্রিমা ভট্টাচার্য বলেন, অমিত মালব্য বিজেপি আইটি সেলের প্রধান ও বাংলার কো-ইনচার্জ। তিনি ধর্ষকদের ভাড়া করেছেন আইটি সেল চালানোর জন্য। এটাই বিজেপির সংস্কৃতি। কিন্তু বাংলায় এসব চলবে না। আমাদের মুখ্যমন্ত্রী তথা সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায় অত্যাচারিত মহিলাদের জন্য চিরকাল লড়াই করে আসছেন। বিজেপি লড়াই করেনি, বরং ধর্ষকদের প্রশ্রয় দিচ্ছে। এই প্রসঙ্গে রাজ্যের মন্ত্রী শশী পাঁজার অভিযোগ, বিলকিস বানোর ধর্ষকদের সমর্থন জানিয়েছিল বিজেপি। জেল থেকে ছাড়া পাওয়ার পর জয়ের তিলক পরানো হয়েছিল। ফুলের মালা পরানো হয়েছিল। (এরপর ২ পাতায়)

# জাঁকিয়ে শীত রাজ্যে

## পাহাড়কে পাল্লা পুরুলিয়ার

**প্রতিবেদন :** চরিত্রে পার্থক্য হয়তো অনেকটাই। কিন্তু শীতের প্রতিযোগিতায় দার্জিলিংয়ের সঙ্গে রীতিমতো পাল্লা দিচ্ছে পুরুলিয়া! এখনও পর্যন্ত আবহাওয়া দফতর থেকে পাওয়া তথ্য বলছে, মরশুমের শীতলতম দিন আজ শনিবারই। কলকাতায় মাত্র দু-রাতে পারদ-পতনের মাত্রা ৫ ডিগ্রি সেলসিয়াস। শনিবার তাপমাত্রা দাঁড়িয়েছে ১২.৮ ডিগ্রি সেলসিয়াস। পশ্চিমের জেলাগুলোতে আগামী ৪৮ ঘণ্টায় শৈত্যপ্রবাহের প্রবল সম্ভাবনা। পশ্চিমের প্রায় সব জেলাতেই শনিবার তাপমাত্রা নেমেছে ১০ ডিগ্রির নিচে। (এরপর ২ পাতায়)

## লড়াই আরও তীব্র হবে দৃঢ় বক্তব্য তাপস-সুজিতের

**প্রতিবেদন :** বিজেপির প্রতিহিংসার রাজনীতি বামেদের থেকেও ভয়ঙ্কর। শুক্রবার বিধায়ক তাপস রায় ও মন্ত্রী সুজিত বসুর বাড়িতে ইডি হানার পর লড়াই আরও তীব্র করার বার্তা দিল তৃণমূল। দীর্ঘদিনের রাজনৈতিক কেরিয়ারে কোনও কালির ছিটে লাগেনি বরানগরের বিধায়ক তাপস রায়ের। স্বচ্ছ ভাবমূর্তির এই নেতার বাড়িতে ইডি হানার পর বিরোধী রাজনৈতিক মহলও কড়া প্রতিক্রিয়া দিয়েছে। (এরপর ২ পাতায়)

সান্ধ্য জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

২
১৩ জানুয়ারি ২০২৪
শনিবার


# বিকেলের TOP 10

## রাজ্য

- শীতের সকালে বিধ্বংসী আগুন ধূপগুড়ির গুদামে।
- গঙ্গাসাগরগামী তিন সাধুকে হেনস্থা পুরুলিয়ায়, গ্রেফতার ১২।
- দক্ষিণেশ্বর মেট্রোর প্ল্যাটফর্ম সম্প্রসারণের জন্য জমি চেয়ে রাজ্যের দরবারে কেন্দ্র।
- রামপুরহাটে রেলের আবাসনে পরপর চুরি, আতঙ্কে বাসিন্দারা।
- সামশেরগঞ্জে নিয়ন্ত্রণ হারিয়ে ৩টি দোকান পিষে দিল ট্রাক্টর।
- কোচবিহারের রাজারহাটেও হচ্ছে রামমন্দির, উদ্বোধনের প্রস্তুতি তুঙ্গে।
- ফের সাগরে অসুস্থ পুণ্যার্থী, শনিবার উড়িয়ে আনা হল কলকাতায়।
- বাড়ির অমতে বিয়ে নিয়ে ধুন্ধুমার নতুনগ্রামে, মধ্যস্থতা পুলিশের।
- মধ্যরাতে রায়গঞ্জে ডিভাইডারে ধাক্কা, মৃত্যু বাইক আরোহীর।
- শিলিগুড়িতে তেলের ট্যাঙ্কারের ধাক্কায় গুরুতর জখম মহিলা।

## দেশ

- তৃণমূল সুপ্রিমোর প্রস্তাবে সায়, ইন্ডিয়া-র চেয়ারপার্সন হলেন খাড়গে।
- সূচনা-কাণ্ডে এবার স্বামীর বয়ান রেকর্ড করবে গোয়ার পুলিশ।
- ১১ দিন পরে হরিয়ানার খালে গুরুগ্রামের মডেল দিব্যা পাহুজার দেহ।
- দিল্লির আবগারি দুর্নীতি মামলায় কেজরিওয়ালকে চতুর্থবার তলব ইডির।
- ছাত্রীদের শৌচালয়ের সামনেও সিসিটিভি ক্যামেরা লাগানোর নির্দেশ দিল্লির বিশ্ববিদ্যালয়ের।
- প্রয়াত ভারতীয় শাস্ত্রীয় সঙ্গীত শিল্পী প্রভা আত্রে।
- কুয়াশার জেরে গুয়াহাটিতে নামতে পারল না ইন্ডিগোর বিমান, জরুরি অবতরণ ঢাকায়।
- ১০৯ বছরে এই প্রথম, স্থগিত বিজ্ঞান কংগ্রেস অধিবেশন! তুঙ্গে বিতর্ক।
- ৩.৬ ডিগ্রি, ঠান্ডায় কাঁপছে দিল্লি সঙ্গে ঘন কুয়াশা, চূড়ান্ত সতর্কতা জারি।
- 'ভালবাসা ছিল, লালসা নয়', নাবালিকা ধর্ষণে অভিযুক্ত যুবককে জামিন দিয়ে বলল বম্বে হাই কোর্ট।

## বিদেশ

- চিনের মধ্যস্থতায় মায়ানমারে গৃহযুদ্ধের অবসান হতে চলেছে বলে দাবি।
- তাইওয়ানে শুরু প্রেসিডেন্ট ও সংসদীয় নির্বাচনের ভোটগ্রহণ পর্ব।
- গণহত্যার অভিযোগে আন্তর্জাতিক কোর্টে কাঠগড়ায় ইজরায়েল।
- শেখ হাসিনার নয়া মন্ত্রিসভা থেকে বাদ আবদুল মোমেন।
- বিশ্বের সবথেকে ধনী সৌদি রাজ পরিবার, সম্পদের পরিমাণ ১.৪ লক্ষ কোটি মার্কিন ডলার।
- রামমন্দির উদ্বোধনের দিন দেশের হিন্দু কর্মীরা ২ ঘণ্টার ছাড় পাবেন প্রার্থনার জন্য, ঘোষণা মরিশাস সরকারের।
- নেপালে যাত্রিবাহী বাস নদীতে, মৃত ১২।
- ঝড়ের কবলে যুক্তরাষ্ট্র, ২ হাজারের বেশি বাতিল বিমান।
- ইরাকের সামরিক ঘাঁটিতে হামলায় নিহত পাঁচ তুর্কি সেনা।
- চিনে কয়লা খনিতে দুর্ঘটনা, মৃত ৮, নিখোঁজ ১৫।

## খেলা

- বিরাট-রোহিত টি-২০ বিশ্বকাপ জিততে চাইবে, ধারণা সুরেশ রায়নার।
- বেন স্টোকসদের প্রস্তুতি দেখে আতঙ্কে আছেন মার্ক বুচার।
- অস্ট্রেলিয়ায় সাদা বলের সিরিজে ওয়েস্ট ইন্ডিজ দল থেকে বাদ পড়লেন সিমরন হেটমেয়ার।
- ডিন এলগারকে তিন বছরের জন্য চুক্তিতে নিল এসেক্স কাউন্টি।
- বেকেনবাওয়ার স্মরণের ম্যাচে হফেনহাইমকে ৩-০ গোলে হারাল বায়ার্ন মিউনিখ। স্টেডিয়ামে উপস্থিত ছিলেন ৭৫ হাজার অনুরাগী।
- অ্যাডিলেড ওপেনের ফাইনালে হার বোপান্না-এবডেন জুটির।
- মারণরোগ ক্যানসারে আক্রান্ত ব্রাজিলের বিশ্বকাপজয়ী কোচ কার্লোস আলবার্তো পেরেইরা।
- সাফল্য পেতে তারুণ্য ও অভিজ্ঞতার সঠিক মিশ্রণ জরুরি : কালিস।
- 'লাভ অল', জকোভিচ ও স্মিথের দ্বৈরথ দেখে মন্তব্য শচীনের প্রতিক্রিয়া।
- আফগানিস্তানের বিরুদ্ধে দ্বিতীয় টি-২০ ম্যাচ খেলতে শনিবারই ইন্দোরে পৌঁছে গেলেন বিরাট কোহলি।

# মহিলাদের জন্য ৫ হাজার কোটির প্রকল্প রাজ্যের



**সৈকত চৌধুরী**
উপমুখ্য প্রশাসক, হাওড়া পুরসভা

*(গতকালের পর)*

পশ্চিমবঙ্গ সরকারের লক্ষ্মীর ভাণ্ডার প্রকল্প অত্যন্ত সফল একটি প্রকল্প। লক্ষ্মীর ভাণ্ডার প্রকল্পের মতোই রাজ্যে মহিলাদের নতুন আরও এক প্রকল্প শুরু হয়েছে। যেটি সম্পর্কে অনেকেই জানেন না। এটিও মহিলাদের জন্য ভীষণ উপযোগী একটি প্রকল্প, এই প্রকল্পটির নাম 'জাগো প্রকল্প'। এই প্রকল্প চালু করা হয়েছে স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের সাহায্যের জন্য। রাজ্যের স্বনির্ভর গোষ্ঠী এবং স্বাবলম্বন দফতর এই প্রকল্প পরিচালনা করে। এতে বছরে ৫ লাখ টাকা পর্যন্ত আর্থিক সহায়তা পেতে পারে রাজ্যের স্বনির্ভর গোষ্ঠীগুলি। ২০১১ সালে রাজ্যে স্বনির্ভর গোষ্ঠী ছিল প্রায় ৪ লাখ ৭২ হাজার। এখন রাজ্য জুড়ে আছে প্রায় ১০ লাখ স্বনির্ভর গোষ্ঠী। তাদের সুবিধার জন্য এই জাগো প্রকল্প-এর জন্য বরাদ্দ করা হয়েছে ৫ হাজার কোটি টাকা। প্রতিটি স্বনির্ভর গোষ্ঠীতে থাকেন ১০জন করে সদস্য। যার ফলে রাজ্যের প্রায় ১ কোটি মহিলা এর সুবিধালাভ করতে পারবেন। যার ফলে উন্নতি হবে গ্রামীণ অর্থনীতির।

এই প্রকল্পে সুবিধা পাওয়ার জন্য স্বনির্ভর গোষ্ঠীকে নথিভুক্ত হতে হবে। যে-সমস্ত স্বনির্ভর গোষ্ঠী অন্তত এক বছর ধরে কাজ করছে এবং তাদের ওই গোষ্ঠীর নামের ব্যাঙ্ক অ্যাকাউন্ট অন্তত ৬ মাসের পুরাতন তারা এই সুবিধা পাবে। ওই আকাউন্টে ন্যূনতম ৫ হাজার টাকা থাকতে হবে। সেল্ফ হেল্প গ্রুপ যাদের 'টার্ম লোন' বা ক্যাশ ক্রেডিট লিমিট আছে তারাই এই প্রকল্পের সুবিধা পাবে।এই প্রকল্পে প্রতিটি সদস্যা ৫ হাজার টাকার সুবিধা পাবেন। সেই সঙ্গে ব্যাঙ্ক ক্রেডিট পাওয়ার সুবিধাও পাবেন। তাদেরকে একটি স্মার্ট কার্ড দেওয়া হয়। এতে বছরে ২ লাখ টাকার স্বাস্থ্যবিমা পাওয়া যায়। এদিকে লক্ষ্মীর ভাণ্ডারের পর আরও একটি প্রকল্প পশ্চিমবঙ্গের মহিলাদের মন জয় করতে এসে গেল। *(চলবে)*

## রাজভবনকে কড়া চিঠি উচ্চ শিক্ষা দফতরের

# আচার্য শুধুমাত্র একটি সাংবিধানিক পদ

**প্রতিবেদন :** আচার্যের দফতরের কোনও ক্ষমতা নেই নতুন করে আইন বা স্ট্যাটুট গঠন করার। আচার্য শুধুমাত্র একটি সাংবিধানিক পদ। রাজভবনকে চিঠি দিয়ে একথা সাফ জানিয়ে দিল রাজ্যের উচ্চশিক্ষা দফতর। বিশ্ববিদ্যালয় পরিচালনার ক্ষেত্রে আচার্য তথা রাজ্যপালের সাংবিধানিক সীমাবদ্ধতার কথা ফের স্মরণ করিয়ে দিল রাজ্য। সম্প্রতি এ-নিয়ে রাজ্যপাল সি ভি আনন্দ বোসকে চিঠি দিয়েছে উচ্চশিক্ষা দফতর। ৮ দফা বিষয় উল্লেখ করে এই কড়া চিঠি দেওয়া হয়েছে আচার্যকে। চিঠিতে উল্লেখ করা হয়েছে, ৫ জানুয়ারি বিশ্ববিদ্যালয়গুলোকে পাঠানো আচার্যের চিঠি আসলে অযৌক্তিক ও অকল্পনীয় যা উচ্চশিক্ষা দফতরের সুনাম ক্ষুণ্ণ করেছে। অকারণে উচ্চশিক্ষা দফতর সম্পর্কে বিরক্তিকর শব্দ লেখা হচ্ছে। এছাড়াও বলা হয়েছে, রাজ্য সরকারের বিশ্ববিদ্যালয়গুলির প্রশাসন ও ম্যানেজমেন্টে একাধিক কর্তব্য রয়েছে। একই সঙ্গে, বিশ্ববিদ্যালয়গুলিকে যে চিঠি দেওয়া হয়েছে সেই চিঠির প্রেক্ষিতে রাজ্যপালকে তার ক্ষমতা মনে করিয়ে ফের বিশ্ববিদ্যালয়গুলিকে জানিয়ে দিক বলেও জানানো হয়েছে চিঠিতে। একইসঙ্গে জানানো হয়েছে, কোনও আইন বা বিধিতে রাজ্যপালের সচিবালয়ের কোনও উল্লেখ নেই।

রাজ্যপালের পদটি সাংবিধানিক হলেও, আচার্য একটি বিধিবদ্ধ পদ। যে বিধিবলে রাজ্যের সরকারি সাহায্যপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়গুলিকে যে চিঠি পাঠানো হয়েছে, সে বিষয়ে জবাব তলব করেছে উচ্চশিক্ষা দফতর। এছাড়াও যাদবপুরে ২৪ ডিসেম্বর সমাবর্তন অনুষ্ঠান হওয়ার প্রয়োজনীয়তার কথাও তুলে ধরা হয়েছে এই চিঠিতে।



তিনদিন ব্যাপী নেতাজিনগর উৎসবের শুভ সূচনা করলেন মন্ত্রী অরূপ বিশ্বাস। ছিলেন যুব সভানেত্রী সায়নী ঘোষ এবং কাউন্সিলর তথা রাজ্য তৃণমূল কংগ্রেসের মুখপাত্র অরূপ চক্রবর্তী।

## ধর্ষক ভাড়া করে

**(প্রথম পাতার পর)**

আদালতের নির্দেশেই ফের জেলে ঢুকেছে ধর্ষকরা। আসলে বিজেপি মেয়েদের প্রতি বিদ্বেষী মনোভাব পোষণ করে। সে-কথাটাই আমরা মানুষের কাছে তুলে ধরব। এ জন্য মহিলা তৃণমূল কংগ্রেসের সদস্যরা ডোর টু ডোর প্রচারে যাবেন।

## পাহাড়কে পাল্লা

**(প্রথম পাতার পর)**

কিন্তু সবচেয়ে তাৎপর্যপূর্ণ বিষয় হল, শৈলশহর দার্জিলিংয়ের দিকে চ্যালেঞ্জ ছুঁড়ে দিয়েছে পশ্চিমের পুরুলিয়া। শনিবার কুয়াশার চাদরে মোড়া দার্জিলিংয়ের তাপমাত্রা ৬.৬ ডিগ্রি সেলসিয়াস। আর পুরুলিয়ায় ৭.১ ডিগ্রি। ছুঁয়ে ফেলেছে প্রায়। তবে টেক্কা দিয়েছে গ্যাংটককে। শনিবার এই শৈলশহরের তাপমাত্রা ছিল ৭.৭ ডিগ্রি সেলসিয়াস। লক্ষণীয়, অন্তত শীতের মরশুমে পর্যটকদের আকর্ষণ করার ক্ষেত্রে ইতিমধ্যেই অকল্পনীয় সাফল্য পেয়েছে পুরুলিয়া। শনিবারের শীতের দাপট নিঃসন্দেহে কলকাতা তথা বাংলার ভ্রমণপিপাসুদের উপহার দিল এক মনোরম উইকএন্ড।

## পথে নামল জেলা প্রশাসন

**সৌমেন মল্লিক, গঙ্গাসাগর :** গঙ্গাসাগর মেলাকে পরিবেশবান্ধব করতে পথে নামল জেলা প্রশাসন। গত ৮ জানুয়ারি শনিবার থেকে শুরু হয়েছে মেলা। মেলাকে কেন্দ্র করে এখন সাগরে সাজ সাজ রব। ১৭ জানুয়ারি অবধি এই মেলা চলবে। গঙ্গাসাগর মেলা নিয়ে নবান্নে উচ্চ পর্যায়ের বৈঠক করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। উপস্থিত ছিলেন জেলাশাসক সুমিত গুপ্তা, বঙ্কিমচন্দ্র হাজরা ও গঙ্গাসাগর বকখালি ডেভলপমেন্ট অথরিটির আধিকারিক-সহ একাধিক স্বেচ্ছাসেবী সংগঠন। এদের নিয়ে সমুদ্র সৈকত পরিষ্কার পরিচ্ছন্ন ও প্লাস্টিক মুক্ত করার জন্য উদ্যোগ নিয়েছে জেলা প্রশাসন। জেলাশাসক সুমিত গুপ্তা জানান, মেলাকে সম্পূর্ণ প্লাস্টিক মুক্ত করার লক্ষ্যে একাধিক পদক্ষেপ নিয়েছে জেলা প্রশাসন। এই লক্ষ্যে ১০ জানুয়ারি 'রান ফর গ্রিন'-এর আয়োজন করেছিলাম।

## পুলিশ সাহায্যই করেছে

**(প্রথম পাতার পর)**

তিনি বলেন, পুলিশ অকুণ্ঠ সাহায্য করেছে। প্রশাসনের জন্যই আমরা বড় বিপদ থেকে রক্ষা পেয়েছি। আমরা পুলিশের কাছে কৃতজ্ঞ।

রাজ্যের মন্ত্রী শশী পাঁজার দাবি, সাধুদের বিরুদ্ধে তিন তরুণীকে উত্ত্যক্ত করার অভিযোগ উঠেছিল। জনতা তাঁদের ঘিরে ধরে। খবর পেয়ে পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। দুপক্ষই মামলা করেছে। পুলিশ নিজের কাজ করছে। তবে বিজেপি পুরুলিয়ার মানুষকে ভুল বোঝাচ্ছে।

গত বৃহস্পতিবার রাতে কাশীপুর থানার গৌরাঙ্গডি গ্রামে আক্রান্ত হন গঙ্গাসাগরগামী ওই সাধুরা। জানা গেছে, উত্তরপ্রদেশ থেকে আগত ৩ সাধু, তাদের রাঁধুনি এবং গাড়ির চালকের উপর হামলার ঘটনা ঘটে। পরে পুলিশ গিয়ে তাঁদের উদ্ধার করে।

## লড়াই আরও তীব্র হবে

**(প্রথম পাতার পর)**

সমালোচনা করেছে কেন্দ্রীয় এজেন্সির। এদিন বিজেপির বিরুদ্ধে সংঘবদ্ধ লড়াইয়ের বার্তা দিলেন তাপস রায় ও সুজিত বসুরা।

তাপস রায় দৃঢ়তার সঙ্গে বলেন, বাম আমলেও চুটিয়ে রাজনীতি করেছি। বাড়িতে পুলিশও আসেনি, ইডি তো দূর অস্ত। দুর্নীতির বিরুদ্ধে বরাবরই সোচ্চার হয়েছি। প্রতিবাদ করেছি। সেকথা সকলেই জানে। অর্থের বিনিময়ে কোথাও কিছু হলে বলতে পিছ-পা হইনি। সবসময় ভালকে ভাল, খারাপকে খারাপ বলেছি। তারপরও এই প্রতিহিংসার ইডি অভিযান। মানুষ সব দেখছেন, যথা সময়ে তাঁরাই জবাব দেবেন।

শুক্রবারের ইডি হানার পর শনিবার গঙ্গাসাগর রওনা দিয়েছেন মন্ত্রী সুজিত বসু। আর গঙ্গাসাগর যাওয়ার পথে গর্জে উঠে তিনি গদ্দার অধিকারীর সমালোচনার কড়া জবাব দিলেন। তিনি বলেন, অর্ধশিক্ষিতদের সঙ্গে কথা বলা উচিত নয়। আমি কারোর পরিবার নিয়ে সাধারণত কিছু বলি না। কিন্তু ওঁদের পরিবারটাকে দেখুন। আর তাঁকে পরামর্শ— আয়নার নিজের মুখটা দেখুন। আমি সবটা জানি। সবটা বলব। অপেক্ষা করুন। ইডিকে কোনও দোষ দিই না, কিন্তু বিজেপির প্রতিহিংসার বিরুদ্ধে লড়াই আরও দৃঢ় হবে।


সম্পাদক : সুখেন্দুশেখর রায়

• সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের পক্ষে ডেরেক ও'ব্রায়েন কর্তৃক তৃণমূল ভবন, ৩৬জি, তপসিয়া রোড, কলকাতা ৭০০ ১০০ থেকে প্রকাশিত। সিটি অফিস : ২৩৪/৩এ, এজেসি বোস রোড, পঞ্চম তল, কলকাতা ৭০০ ০২০